# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক : বশিবো/কলেজ/অনু/২০১৯/ ১৮২৭ তারিখ :১০.১০.২০১৯

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল কলেজ এর অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির যে সকল শিক্ষার্থী ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি হয়েছে - তাদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে শিক্ষার্থীদের তথ্য প্রেরণ করতে হবে -

০১. বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবপেইজ www.barisalboard.gov.bd এই ঠিকানার panel link এ ঢুকতে হবে -

০২. এরপর HSc esif - (2019-2020) এই সাব প্যানেলে ক্লিক করে স্ব স্ব কলেজের EIIN এবং Password প্রদান করলে প্যানেল উন্মুক্ত হবে। এই প্যানেলে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদানের নির্ধারিত ফরমেট থাকবে এবং এখানে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের তথ্য প্রদানে কোন ভুল হলে কলেজ কর্তৃপক্ষ পুনরায় ফি প্রদান করে শিক্ষার্থীর তথ্য সংশোধন করবেন।

০৩. আগামী ১৫.১০.২০১৯ থেকে ২৩.১০.২০১৯ পর্যন্ত এই প্যানেল ভর্তি সংক্রান্ত তথ্য প্রদানের জন্য উন্মুক্ত থাকবে।

০৪. ইতোপূর্বে যারা বিভিন্ন কলেজে ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তি হয়েছে এবং যাদের যাবতীয় তথ্যাদি শিক্ষাবোর্ডে প্রেরিত হয়েছে - ঐ সমস্ত শিক্ষার্থীদের তথ্যাদি পুনরায় শিক্ষাবোর্ডের উল্লেখ্য প্যানেলে প্রেরণ করতে হবে এবং প্রেরিত তথ্যের একটি হার্ড কপি সংরক্ষণ করতে হবে।

০৫. আগামী ৩০.১০.২০১৯ তারিখে অনলাইন এবং ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের যাবতীয় তথ্যাদি উল্লেখ্য প্যানেলে শো করা হবে। এই তথ্যাদির একটি প্রিন্ট কপি কলেজ সংরক্ষণ করবে এবং অপর একটি কপি বরিশাল শিক্ষাবোর্ডের কলেজ পরিদর্শকের কার্যালয়ে ০৫.১১.২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০৬. *শিক্ষার্থীদের তথ্য আপডেটের সময় বিশেষ ভাবে লক্ষ রাখতে হবে যে, কোন ক্রমেই যেন শিক্ষার্থীদের বিষয় প্রদানে - গুচ্ছ বিভ্রাট না ঘটে। এ কারণে এনসিটিবি কর্তৃক প্রবর্তিত "একাদশ-দ্বাদশ শ্রেণির সংশোধিত বিষয় কাঠামো" এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো ।*

০৭. উল্লিখিত বিজ্ঞপ্তিতে কোন কলেজের ভর্তি তথ্যে যদি কোন অসমাঞ্জস্য দেখা যায়,( শিক্ষার্থীর সংখ্যা) তাহলে তা কলেজ পরিদর্শকের সাথে যোগাযোগ করে সঠিক তথ্য প্রেরণ করতে হবে।

০৭. উল্লিখিত বিজ্ঞপ্তির যে কোন বিষয় সম্পর্কে কোন অস্পষ্টতা থাকলে সে বিষয়ে কলেজ পরিদর্শকের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো ।

১০.১০.২০১৯

ড. মোঃ লিয়াকত হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।
০১৭১৫৭১৪২৩৬

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
"পাঠ্যপুস্তক ভবন"
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০


বিজ্ঞপ্তি নং

তারিখ : ১৬ /০৮/২০১৫

## একাদশ-দ্বাদশ শ্রেণির সংশোধিত বিষয় কাঠামো

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নতুন শিক্ষাক্রম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির উচ্চাঙ্গ সংগীত (১ম পত্র) এবং লঘু সংগীত (১ম পত্র) বিষয়ের ২টি নতুন পাঠ্যপুস্তক এবং একই শ্রেণির জন্য English For Today (১ম পত্র) পাঠ্যপুস্তকটি ইতোমধ্যে প্রকাশিত ও বাজারজাকৃত হয়েছে।

উপর্যুক্ত প্রেক্ষিতে একাদশ-দ্বাদশ শ্রেণির গত ২৪/০৬/২০১৪ তারিখের জারিকৃত বিজ্ঞপ্তি এর গুচ্ছভিত্তিক মূল বিষয় কাঠামো সংশোধন করা প্রয়োজন। সংশোধিত এই গুচ্ছভিত্তিক বিষয় কাঠামো অনুসারে উচ্চ মাধ্যমিক স্তরের ২০১৫-২০১৬ শিক্ষবর্ষের শ্রেণি কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। এমতাবস্থায় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক বিষয় কাঠামো হবে নিম্নরূপঃ

- শিক্ষার্থী নিম্নের যেকোনো একটি শাখায় ভর্তি হতে পারবে। শাখাসমূহ হচ্ছে–
  ক. মানবিক খ. বিজ্ঞান গ. ব্যবসায় শিক্ষা ঘ. ইসলাম শিক্ষা ঙ. গার্হস্থ্য বিজ্ঞান এবং চ. সংগীত
- সকল শাখার শিক্ষার্থীর জন্য আবশ্যিক বিষয়- ১. বাংলা ২. ইংরেজি ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- শাখাভিত্তিক বিষয়সমূহ নিম্নরূপঃ

| শাখা | শাখাভিত্তিক নৈর্বাচনিক তিনটি বিষয় | শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয় (একটি নেওয়া যাবে) |
|---|---|---|
| বিজ্ঞান | ৪. পদার্থবিজ্ঞান<br>৫. রসায়ন<br>৬. জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত | ৭. (ক) জীববিজ্ঞান, (খ) উচ্চতর গণিত, (গ) কৃষিশিক্ষা, (ঘ)ভূগোল, (ঙ) মনোবিজ্ঞান, (চ) পরিসংখ্যান, (ছ) মৃত্তিকাবিজ্ঞান, (জ) প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (পুরাতন সিলেবাস), (ঝ) *ক্রীড়া (পুরাতন সিলেবাস, শুধু বিকেএসপির জন্য) |
| মানবিক | যে কোনো তিনটি বিষয়ঃ<br>৪. ইতিহাস, অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৫. পৌরনীতি ও সুশাসন<br>৬. অর্থনীতি<br>৭. সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম<br>৮. ভূগোল<br>৯. যুক্তিবিদ্যা<br>১০. ক্রীড়া (পুরাতন সিলেবাস, শুধু বিকেএসপির জন্য) | ১০. (ক) পৌরনীতি ও সুশাসন, (খ) অর্থনীতি, (গ) ভূগোল, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) সমাজবিজ্ঞান, (চ) সমাজকর্ম, (ছ) ইতিহাস (জ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (ঝ) ইসলাম শিক্ষা, (ঞ) মনোবিজ্ঞান, (ট) পরিসংখ্যান, (ঠ) নৃ-বিজ্ঞান (নতুন শিক্ষাক্রম প্রণয়ন সাপেক্ষে) (ড) কৃষিশিক্ষা (ঢ) গার্হস্থ্য বিজ্ঞান, (ণ) চারু ও কারুকলা (পুরাতন সিলেবাস), (ত) নাট্যকলা (পুরাতন সিলেবাস), (থ) সমরবিদ্যা (পুরাতন সিলেবাস), (দ) আরবি অথবা পালি অথবা সংস্কৃত (পুরাতন সিলেবাস), (ধ) লঘু সংগীত, (ন) উচ্চতর গণিত, (প) *ক্রীড়া (পুরাতন সিলেবাস, শুধু বিকেএসপির জন্য) |
| ব্যবসায় শিক্ষা | ৪. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>৫. হিসাববিজ্ঞান<br>৬. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ৭. (ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, (খ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, (গ) মানব সম্পদ উন্নয়ন (নতুন শিক্ষাক্রম প্রণয়ন সাপেক্ষে), (ঘ) পরিসংখ্যান, (ঙ) ভূগোল, (চ) অর্থনীতি, (ছ) কৃষিশিক্ষা, (জ) গার্হস্থ্য বিজ্ঞান, (ঝ) সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা (২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত চলবে) |
| ইসলাম শিক্ষা | ৪. ইসলাম শিক্ষা<br>৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৬. আরবি(পুরাতন সিলেবাস) | ৭. (ক) সমাজবিজ্ঞান, (খ) সমাজকর্ম, (গ) কৃষিশিক্ষা, (ঘ) গার্হস্থ্য বিজ্ঞান, (ঙ) মনোবিজ্ঞান, (চ) যুক্তিবিদ্যা, (ছ) ভূগোল, (জ) অর্থনীতি |
| গার্হস্থ্য বিজ্ঞান | ৪ ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাক শিল্প<br>৫. সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি<br>৬.গৃহ ব্যবস্থাপনা ও শিশু পরিবর্ধন এবং পারিবারিক জীবন-যাপন | ৭. (ক) শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ (পুরাতন সিলেবাস), (খ) মনোবিজ্ঞান, (গ) অর্থনীতি, (ঘ) সমাজকর্ম, (ঙ) ভূগোল,(চ) সমাজবিজ্ঞান |
| সঙ্গীত | ৪. লঘু সঙ্গীত<br>৫. উচ্চাঙ্গ সঙ্গীত<br>৬. অর্থনীতি অথবা পৌরনীতি ও সুশাসন অথবা ইতিহাস | ৭. (ক) অর্থনীতি, (খ) পৌরনীতি ও সুশাসন, (গ) মনোবিজ্ঞান, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) গার্হস্থ্য বিজ্ঞান (চ) সমাজবিজ্ঞান, (ছ) সমাজকর্ম |

* ইতিহাস এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় দুটির মধ্যে যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। তেমনিভাবে সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিষয় দুটির যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। উল্লেখ থাকে যে, বিষয় দুটি একই সঙ্গে আবশ্যিক ও ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে না।

* ক্রীড়া বিষয়-এ জুডো ও আর্চারী ইভেন্ট দুটি এনসিসিসি-র সভার অনুমোদনক্রমে নতুন সংযোজিত হয়েছে।